

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সেপ্টেম্বর ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি	: আঃ গাফফার খান, যুগ্ম-সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান	: মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময়	: ২১.০৯.২০১৭ খ্রিঃ, বিকালঃ ১১:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্তুষ্টিপূর্ণ।

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সেপ্টেম্বর, ২০১৭ মাসের ইনোভেশন সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই তিনি গত শোকেসিং ওয়ার্কশপের মাধ্যমে নির্বাচিত দুটি ইনোভেশন প্রকল্পের রেপ্রিজেন্টেটরদের পুরুত্ব তুলে ধরে বলেন, রেপ্রিজেশনের মাধ্যমে গত শোকেসিং ওয়ার্কশপে নির্বাচিত দুটি প্রকল্পকে সারা বাংলাদেশে ছড়িয়ে দিতে হবে। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাগুলো সামনে রেখে এদেশের জনগণের স্বাস্থ্য সেবা আরো সহজীকরণ করতে হবে। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সিস্টেম এনালিস্টকে দ্রুত মন্ত্রণালয়ের স্টাফদের ডাটাবেজ তৈরীর নির্দেশনা প্রদান করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মোঃ লুৎফর রহমান, উপ-সচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে সর্বসম্মতিক্রমে বিনা সংশোধনীতে তা দৃঢ়ীকরণ করা হয়।

০২. **রেপ্রিজেশনের জন্য উপজেলা বাছাই:** সভাপতি রেপ্রিজেশনের জন্য উপজেলা বাছাই সংক্রান্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব মোঃ লুৎফর রহমান, উপ-সচিব (মনিটরিং ও সমন্বয়) জানান স্বাস্থ্য অধিদপ্তর প্রতিটি বিভাগের প্রতিটি জেলা হতে একটি করে উপজেলা বাছাই করে তালিকা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি দেশের ৬৪ উপজেলার পরিবর্তে গুণগত মান নিশ্চিত করতে প্রাথমিকভাবে ২০/২৫ উপজেলায় রেপ্রিজেশনের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি সচিব, মহাপরিচালক ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি সমন্বয়কের সমন্বয়ে একটি উদ্বোধনী সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ ও স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।

০৩. **শোকেসিং ওয়ার্কশপ:** সভাপতি বলেন শোকেসিং ওয়ার্কশপের জন্য নতুন প্রকল্প বাছাই করতে হবে। বিভিন্ন জেলা থেকে প্রকল্পের তালিকা সংগ্রহ করতে হবে। সংগৃহিত প্রকল্পগুলো হতে বাছাই করে গ্রহণযোগ্য একটি নতুন প্রকল্পের তালিকা তৈরী করতে হবে। প্রয়োজনে প্রকল্পের তালিকা প্রধানমন্ত্রীর দপ্তর থেকেও সংগ্রহ করা যেতে পারে। গত শোকেসিং এ অনিবাচিত প্রকল্পগুলোও নতুন তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। হার্ডকপি ও সফটকপি প্রেরণের তিনি জেলাগুলোতে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরগুলোকে চলতি মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের জন্য বাছাইকৃত প্রকল্পের নতুন তালিকা মন্ত্রণালয়ে প্রেরণে জন্য অনুরোধ জানান। তিনি উপ-সচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিতে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে অক্ষোবণের মধ্যে একটি সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন।

০৪. জনাব জনাব মো: লুৎফর রহমান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম আগত অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিবৃন্দকে নিয়মিত ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। অধিদপ্তর/দপ্তরসমূহের মাসিক ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার কার্যবিবরণী শীঘ্ৰই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে জানান।

০৫. মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি: ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি জানান, অধিদপ্তরের অনলাইন ভিত্তিক ঔষধের বিরুপ প্রতিক্রিয়ার রিপোর্টটি নির্ধারিত মূল্যের অধিকমূল্যে ঔষধ বিক্রির বিষয়ে অভিযোগ এবং নকল ঔষধ চিহ্নিতকরণ বিষয়ে প্রকল্পটির অধিকাংশ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মোবাইল অপারেটরদের সাথে এসএমএস বিষয়ক ইন্টিগ্রেশন অচিরেই সম্পন্ন হবে এবং অক্টোবর ২০১৭ এ পাইলটিং কার্যক্রম উদ্বোধন করা হবে।

০৬. নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধি একটি নতুন প্রকল্প গ্রহণের বিষয় সভাকে অবহিত করেন নতুন প্রকল্পের নাম ভিজিটর ফ্রেন্ডলি সার্ভিস (দর্শনার্থী বাক্ব সেবা)। প্রতিদিন বিভিন্ন জেলা হতে প্রচুর নার্সিং কর্মকর্তা ও কর্মচারী দাপ্তরিক ও ব্যক্তিগত কাজে অধিদপ্তরে আসে। জনাধিক্ষেত্রে কারণে অধিদপ্তরের কর্মকর্তা ও দর্শনার্থীদের সমস্যার সৃষ্টি হয়। এ সমস্যা দূর করতে অধিদপ্তর সপ্তাহের সোমবার ও বুধবার জেলাভিত্তিক দর্শনার্থীদের আগমনের সময় নির্ধারণ করেছে। রেজিস্ট্রার বুক পদ্ধতি চালু করা হয়েছে। কোন দর্শনার্থীর অভিযোগ বা বিষয় পরিচালক সমাধান না করতে পারলে মহাপরিচালক মহোদয়ের নিকট পাঠানো হয়।

০৭. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান, অনলাইনে লাইসেন্স নবায়ন, স্টাফদের ডাটাবেজ তৈরি এবং প্রজেক্ট অনলাইন মনিটরিং এর কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মহোদয় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে কাজের ডুপ্লিকেশন ও অর্থের অপচয় রোধ করতে মেরামত কাজের ডাটাবেজ তৈরি করতে অনুরোধ করেন।

০৮. বিবিধ দপ্তরের কর্মকর্তা/কর্মচারী ও দর্শনার্থীদের দাপ্তরিক প্রয়োজনে সচিবালয়ে প্রবেশ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দপ্তর পেতে সমস্যা হয়। তথ্যের জন্য অন্যান্য দপ্তরে প্রবেশ করলে কর্মকর্তাদের কাজের ব্যাধাত ঘটে। এই সমস্যা দূর করতে সভাপতি মহোদয় দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেক্স চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন।

০৯. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শন: জনাব মো: লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য, ইনোভেশন টিম মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, অধিদপ্তরসমূহকে স্ব প্রকল্প পরিদর্শন করতে হবে। মেন্টরস দিয়ে পরিদর্শন করার সময় প্রকল্পসমূহে সমস্যা দৃষ্টিগত হলে সেগুলো সমাধান করতে হবে। কর্মকর্তা বদলের সাথে সাথে যেন প্রকল্প বাদ না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।। অনেক প্রকল্প সম্পন্ন হয়েছে সেগুলোকে যুক্ত করতে হবে।

১০. সভায় সর্বসম্মতিক্রমে নিয়ন্ত্রিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১০.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- ১০.২: মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ১০.৩: শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করে তালিকা তৈরী করতে হবে। প্রয়োজনে এটুআই কর্মকর্তাদের সাথে যোগাযোগের মাধ্যমে অসমাপ্ত প্রকল্পগুলো তালিকায় অন্তর্ভুক্ত করে অধিদপ্তর/দপ্তর হতে আনয়ন করতে হবে;
- ১০.৪: অক্টোবর, ২০১৭ মাসের মধ্যে নির্বাচিত প্রকল্প দুটি রেপ্লিকেশনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১০.৫: অক্টোবর, ২০১৭ মাসে শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের  
সমন্বয়নে একটি সভা আয়োজন করতে হবে;

১০.৬: সিন্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের আভিভূতীয় Human Resource সংক্রান্ত  
Database Software প্রস্তুত করতে হবে;

১০.৭: দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে  
হবে।

১১. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা  
করেন।

স্বাক্ষরিত: ২৬.০৯.২০১৭

(আঃ গাফ্ফার খান)

যুগ্ম-সচিব (প্রশাসন)

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-২৩২

তারিখ: ১২ আগস্ট ১৪২৪  
২৭ সেপ্টেম্বর ২০১৭

সভার কার্যবিবরণী সদয় অঙ্গতিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
২. উপসচিব (সেরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা ও বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৩. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা
৫. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিবিল, বা/এ, ঢাকা
৭. সিনিয়র সহকারী সচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৮. সিন্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডিওয়াইফারী অধিদপ্তর), ঢাকা
১০. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনৈতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
১১. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১২. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা

সদয় অবগতির জন্য:

১. সিন্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা

(মো: লুৎফুর রহমান)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-[monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)